গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
বগুড়া জিলা স্কুল, বগুড়া
ডাকঘর : বগুড়া, কোড-৫৮০০, উপজেলা : বগুড়া, কোড-২৩০১, জেলা : বগুড়া, কোড-২৩
ফোন : ০২৫-৮৮৮১৫১২৭, EIIN-119176
www.bzs.school.gov.bd E-mail: bogurazillaschool.info@yahoo.com

স্মারক নং- বজিস্কু-২০২৫/২৮০ তারিখ : ২১/০১/২০২৫ খ্রি.

# প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠান/আগ্রহী ব্যক্তির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বগুড়া জিলা স্কুল, বগুড়া এর ৬ তলা একাডেমিক ভবন ও প্রধান ফটক নির্মাণের স্থানে মোট ১৮ (আঠারো) টি গাছ (যথা- মিনজিরি-১টি,মেহগনী-১১টি,বকুল-১টি, পাম ট্রি-২টি, লম্বু-২টি এবং দেবদারু- ১টি) নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায় আগামী ২৯/০১/২০২৫ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় স্কুল ক্যাম্পাসে প্রকাশ্য নিলামে অংশ গ্রহণের জন্য গাছ ক্রয়ে ইচ্ছুক প্রকৃত ব্যবসায়ী/প্রতিষ্ঠান/আগ্রহী ব্যাক্তিগণকে অনুরোধ জানানো হলো।

## শর্তাবলী

১। প্রকাশ্যে নিলামে অংশগ্রহনেচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্দিষ্ট তারিখ ও সময়ে অত্র দপ্তরের নিলাম কমিটির নিকট নগদ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জমা দিয়ে নিলাম ডাককারী হিসেবে তালিকাভুক্ত হতে হবে।

২। সর্বোচ্চ নিলাম ডাককারীর জমাকৃত ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জামানত হিসেবে জমা থাকবে এবং অকৃতকার্য নিলাম ডাককারীর জামানতকৃত টাকা একই দিনে ফেরত দেয়া হবে।

৩। কৃতকার্য নিলাম ডাককারীকে ডাককৃত মোট টাকা সঙ্গে সঙ্গে পরিশোধ করতে হবে। সমুদয় টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে এবং ডাককারীর জামানতকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।

৪। মোট ১৮ (আঠারো) টি গাছ (যথা- মিনজিরি-১টি,মেহগনী-১১টি,বকুল-১টি, পাম ট্রি-২টি, লম্বু-২টি এবং দেবদারু- ১টি) গাছসমূহ সরেজমিনে দেখে নিতে হবে।

৫। কৃতকার্য ডাককারীকে প্রচলিত সরকারি নিয়ম মোতাবেক উদ্ধৃত ডাকের ভ্যাট ও আয়কর ডাকমূল্যের অতিরিক্ত হিসেবে পরিশোধ করতে হবে।

৬। গাছ কর্তনকালে সীমানা প্রাচীরসহ অন্যান্য স্থাপনার কোন ক্ষতি করা যাবে না।

৭। সফল ডাককারী ডাকগ্রহণের দিন থেকে গাছের রক্ষণাবেক্ষণ ও গাছের হেফাজতের পূর্ণ দায়িত্ব গ্রহণ করবেন। ডাক গ্রহণের পর থেকেই গাছ নষ্ট বা খোয়া গেলে সেজন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৮। সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত অর্থাৎ রাত্রিতে কোন গাছ কর্তন বা অপসারণ করা যাবে না।

৯। কৃতকার্য নিলাম ডাককারী ডাক গ্রহণের তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে গাছ সমূহ কর্তন ও অপসারণ করবেন। অন্যথায় কোন জটিলতার সৃষ্টি হলে অত্র দপ্তর দায়ী থাকবে না।

১০। যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রকাশ্য নিলাম ডাক চলাকালীন সময়ে নিলাম ডাকে কোন প্রকার বিঘ্ন সৃষ্টি করেন, তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠানের জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।

১১। সর্বোচ্চ বা যে কোন ডাক গ্রহণ করা বা না করা নিলাম কমিটির এখতিয়ারভুক্ত। এ জন্যে নিলাম কমিটি কাউকে কোন প্রকার ব্যাখ্যা দিতে বাধ্য নহে। এ ব্যাপারে কোন প্রকার আপত্তি আমলে আসবে না।

২১/০১/২০২৫
(মোঃ ডানিয়েল তাহের)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
বগুড়া জিলা স্কুল,বগুড়া
ও
সদস্য সচিব
গাছ কাটা ও নিলামে বিক্রয় কমিটি